

শ্রমিক নিরাপত্তা ফোরাম- এসএনএফ

সচিবালয় :বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ (বিল্‌স)

বাড়ি- ২০, সড়ক- ১১ (৩২ পুরাতন) ধানমন্ডি, ঢাকা-১২০৯ ফোন: ৪১০২০২৮০-৩ ফ্যাক্স: ৮১১৪৮২০

ইমেইল: snf.safework@gmail.com, bils@citech.net

তারিখ: ২৪ নভেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

তাজরীন গার্মেন্টস অগ্নিকাণ্ডের নয় বছর স্মরণে শ্রমিক নিরাপত্তা ফোরামের উদ্যোগে
জুরাইন কবরস্থানে শ্রদ্ধাজ্ঞাপন এবং জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন অনুষ্ঠিত

শ্রমিক নিরাপত্তা ফোরামের উদ্যোগে তাজরীন গার্মেন্টসের অগ্নিকাণ্ডের নয় বছর স্মরণে আজ ২৪ নভেম্বর ২০২১ সকালে জুরাইন কবরস্থানে অগ্নিকাণ্ডে নিহতদের কবরে ফুল দিয়ে শ্রদ্ধাজ্ঞাপন এবং জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

জুরাইন কবরস্থানে শ্রদ্ধাজ্ঞাপন এবং জাতীয় প্রেসক্লাবের সামনে মানবন্ধনে বক্তারা তাজরীন ফ্যাশনসে অগ্নিকাণ্ডে দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার ও হতাহতদের আন্তর্জাতিক মান অনুযায়ী ক্ষতিপূরণ ও আহতদের দীর্ঘমেয়াদী চিকিৎসার ও পনির্বাসনের দাবি জানান। এছাড়া প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক নির্বিশেষে সকল শ্রমিককে শ্রম আইনের আওতায় আনা, ক্ষতিপূরণের জাতীয় মানদণ্ড তৈরি করা, পেশাগত রোগে আক্রান্ত ও দুর্ঘটনায় আহত শ্রমিকের চিকিৎসার জন্য বিশেষায়িত হাসপাতাল প্রতিষ্ঠা এবং হাসপাতালগুলোতে বিশেষ ইউনিট স্থাপন, প্রতিটি শিল্প কারখানায় শ্রমিক কল্যাণ তহবিল গঠন ও কার্যকর করা এবং শ্রম সংক্রান্ত আইন ও বিধি বিধান লঙ্গনকারীদের শাস্তি নিশ্চিতের দাবি জানান তারা।

শ্রদ্ধাজ্ঞাপন ও মানববন্ধন কর্মসূচিতে জাতীয় শ্রমিক জোটের সভাপতি মেসবাহউদ্দীন আহমেদ, জাতীয় শ্রমিক ফেডারেশনের সভাপতি কামরুল আহসান, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের সভাপতি রাজেকুজ্জামান রতন, জাতীয় শ্রমিক জোটের কার্যকরী সভাপতি মোঃ আব্দুল ওয়াহেদ, বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেসের সম্পাদক পুলক রঞ্জন ধর, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের সাধারণ সম্পাদক আহসান হাবীব বুলবুল, শ্রমিক নিরাপত্তা ফোরামের সদস্য সচিব সেকেন্দার আলী মিনা, আইন ও সালিশ কেন্দ্রের ফাহিমদা জামান, বিল্‌স যুব ফোরাম সদস্য মোঃ খোরশেদ আলম প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়া শ্রমিক নিরাপত্তা ফোরাম, স্কপ ও বিল্‌স এবং গার্মেন্টস শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ অন্তর্ভুক্ত ট্রেড ইউনিয়ন ফেডারেশন, মানবাধিকার সংগঠনসমূহ এবং বিভিন্ন গার্মেন্টস ট্রেড ইউনিয়ন সংগঠনসমূহের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

শ্রমিক নিরাপত্তা ফোরামের পক্ষে:



মামুন অর রশিদ

তথ্য কর্মকর্তা, বিল্‌স

মোবা: ০১৯১৪৮৯১২২৩

শ্রমিক নিরাপত্তা ফোরামের সদস্য

আইন ও সালিশ কেন্দ্র, অ্যাকশন এইড বাংলাদেশ, আওয়াজ ফাউন্ডেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স, ব্রাক, বাংলাদেশ এনভায়রনমেন্ট ল'ইয়ার্স অ্যাসোসিয়েশন, বাংলাদেশ মহিলা পরিষদ, গণস্বাস্থ্য কেন্দ্র, কর্মজীবী নারী, নারীপক্ষ, নিজেরা করি, বাংলাদেশ লেবার ফাউন্ডেশন, জাতীয় শ্রমিক ফেডারেশন বাংলাদেশ, জাতীয় শ্রমিক লীগ, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, বাংলাদেশ লেবার ফেডারেশন, বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেস, বাংলাদেশ মুক্ত শ্রমিক ফেডারেশন, জাতীয় শ্রমিক জোট, বাংলাদেশ শ্রমিক ফেডারেশন, বাংলাদেশ জাতীয় শ্রমিক ফেডারেশন, জাতীয় শ্রমিক জোট বাংলাদেশ, বাংলাদেশের জাতীয় শ্রমিক জোট, সেইফটি এন্ড রাইটস সোসাইটি-এসআরএস